শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫২.১১.০০১.১৯-২৯৭

তারিখ: ২৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া'র শূন্যপদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবু মুছা<br>পিতা- মোঃ জসিম উদ্দিন<br>মাতা- হালিমা বেগম | গ্রামঃ জীবনপুর<br>পোষ্টঃ রসুলপুর<br>উপজেলাঃ দেবিদ্বার<br>জেলাঃ কুমিল্লা । | সিনিয়র প্রশিক্ষক (আইসিটি) | টাকা ৩৫,৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) |
| ২। | জনাব মোঃ ইমরান<br>পিতা- আব্দুস সাত্তার<br>মাতা- আমিরন | গ্রামঃ চরকান্দিচতর<br>পোষ্টঃ চাঁদপুর বাজার<br>উপজেলাঃ ফরিদপুর সদর জেলাঃ ফরিদপুর | সহকারী ইন্সট্রাক্টর | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ৩। | জনাব খন্দকার মোঃ নাসিফ সোবহান<br>পিতা- খন্দকার মোঃ জগলুল দিপু<br>মাতা- আইরিন আহমেদ | গ্রামঃ কাশিয়ানি বাজার<br>পোষ্টঃ কাশিয়ানি<br>উপজেলাঃকাশিয়ানি<br>জেলাঃ গোপালগঞ্জ। | | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ৪। | জনাব মোঃ জুয়েল খান<br>পিতা- মোহাম্মাদ খান<br>মাতা- জেলেকা বেগম | গ্রামঃ নরসিংহপুর<br>পোষ্টঃ খালেক বাজার (পোস্ট কোডঃ ৭৮০০)<br>উপজেলাঃ নগরকান্দা<br>জেলাঃ ফরিদপুর। | সহকারি প্রশিক্ষক (আইসিটি) | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ৫। | জনাব মোঃ মাসুদ রানা<br>পিতা- মোঃ আয়উব আলী<br>মাতা- মোছাঃ সুখজান খাতুন | গ্রামঃ ঝোরপাড়া<br>পোষ্টঃ ভোলাডাঙ্গা (৭১১০)<br>উপজেলাঃ গাংনী<br>জেলাঃ মেহেরপুর। | | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ৬। | জনাব মাহবুব হাসান<br>পিতা- শামছুল হক<br>মাতা- ইয়াতন বেগম | গ্রামঃ নরজনা<br>পোষ্টঃ কে, মোহনপুর<br>উপজেলাঃ ঘাটাইল<br>জেলাঃ টাংগাইল | | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ৭। | জনাব তাবাসসুম জামিলা জিসান<br>পিতা- আবু মুসা চৌধুরী<br>মাতা- ডেইজি | প্রযত্নে- আবু মুসা চৌধুরী<br>গ্রামঃ প্রোপার কাকারা, ইউনিয়ন-৭, ওয়ার্ড নং-০৬<br>পোষ্টঃ চকরিয়া-৪৭৪১<br>উপজেলাঃ চকরিয়া<br>জেলাঃ কক্সবাজার। | সহকারী প্রশিক্ষক (ইংরেজি) | টাকা ২২,০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |

শর্তাবলী:

(ক) নিয়োগপ্রাপ্ত সিনিয়র প্রশিক্ষক (আইসিটি), সহকারী ইন্সট্রাক্টর, সহকারী প্রশিক্ষক (আইসিটি) এবং সহকারী প্রশিক্ষক (ইংরেজী)-কে ছয় (৬) মাস শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া'র কর্মকর্তা ও কর্মচারী চাকরি প্রবিধানমালা,২০১৬-এর ৬(১), ৬(২) এবং ৬(৩) এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকতাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(গ) চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতা সনদ এবং নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র (সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে) দাখিল/প্রর্দশন করতে হবে।

(ঘ) নিয়োগ বিজ্ঞপ্তির ৪নং শর্ত অনুযায়ী দাখিলকৃত তথ্য অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমানিত হলে নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে চাকরিতে যোগদানকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে ;

(চ) সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩-এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে;

(ছ) চাকরিতে তার জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী নির্ধারিত হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে একাডেমী কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা কর্মকর্তার মাধ্যমে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে। যদি উপযুক্ত নয় মর্মে প্রতীয়মান হয় তবে তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার পূর্ব কার্যকলাপ সরকারের যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করা হবে। যদি তার পূর্ব কার্যকলাপ সন্তোষজনক মর্মে প্রতীয়মান না হয় সেক্ষেত্রে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঞ) যদি তিনি সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ট) সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) উল্লিখিত শর্তাবলি বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

(ড) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ, ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১/১২/২০২০ তারিখে পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া বরাবর তাকে যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ/ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০.১১.2020

(মোছা: শাহনাজ মিথুন মুন্নী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪৬৬৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৮। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), শিক্ষা মন্ত্রণালয় , ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,বগুড়া।
১৩। জনাব...........................................................................................
১৪। অফিস নথি।